

আন্তঃবাহিনী ফুটবল প্রতিযোগিতা শুরু

বাংলাদেশ নৌবাহিনীর সার্বিক ব্যবস্থাপনায় বৃহস্পতিবার (১৮-০৮-২০১৬) থেকে ঢাকাস্থ আর্মি স্টেডিয়ামে শুরু হয়েছে 'আন্তঃবাহিনী ফুটবল প্রতিযোগিতা-২০১৬'। নৌবাহিনীর ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের তত্ত্বাবধানে ও বানোজা হাজী মহসীনের ব্যবস্থাপনায় ঢাকাস্থ আর্মি স্টেডিয়ামে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। উদ্বোধনী দিনে বিমান বাহিনী ঘাঁটি বাশার এর এয়ার অধিনায়ক এয়ার ভাইস মার্শাল মোঃ আবুল বাশার, ওএসপি,এনডিসি, পিএসসি (Air Vice Marshal Mohammad Abul Bashar) প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন। এ সময় প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলের খেলোয়াড় ছাড়াও সশস্ত্র বাহিনীর পদস্থ সামরিক কর্মকর্তাবৃন্দ এবং বিপুল সংখ্যক সামরিক ও বেসামরিক সদস্যগণ উপস্থিত ছিলেন।



বিমান বাহিনী ঘাঁটি বাশার এর এয়ার অধিনায়ক এয়ার ভাইস মার্শাল মোঃ আবুল বাশার (Air Vice Marshal Mohammad Abul Bashar) বৃহস্পতিবার (১৮-৮-২০১৬) ঢাকাস্থ আর্মি স্টেডিয়ামে 'আন্তঃবাহিনী ফুটবল প্রতিযোগিতা-২০১৬' এর উদ্বোধন করেন। ছবিঃ আইএসপিআর

সাতদিনব্যাপী এ প্রতিযোগিতায় সেনা, নৌ ও বিমান বাহিনী দলের মোট ৭৫ জন খেলোয়াড় অংশগ্রহণ করছে। প্রথম পর্যায়ে তিন বাহিনীর ০৩টি দলের মধ্যে লীগ পদ্ধতিতে খেলা পরিচালিত হবে। পরবর্তীতে পয়েন্ট তালিকার ভিত্তিতে শীর্ষ স্থান অধিকারী ০২টি দলের মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। উদ্বোধনী দিনে সেনা ও বিমান বাহিনী দলের মধ্যকার খেলা অনুষ্ঠিত হয়।



বিমান বাহিনী ঘাঁটি বাশার এর এয়ার অধিনায়ক এয়ার ভাইস মার্শাল মোঃ আবুল বাশার (Air Vice Marshal Mohammad Abul Bashar) বৃহস্পতিবার (১৮-৮-২০১৬) ঢাকাস্থ আর্মি স্টেডিয়ামে 'আন্তঃবাহিনী ফুটবল প্রতিযোগিতা-২০১৬' উদ্বোধনের পূর্বে অংশগ্রহণকারী খেলোয়াড়দের সাথে পরিচিত হচ্ছেন। ছবিঃ আইএসপিআর

উল্লেখ্য, আগামী ২৪ আগস্ট ২০১৬ তারিখ ঢাকাস্থ আর্মি স্টেডিয়ামে প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।